



“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোন: ৯১৩৮৮৭৮, ফ্যাক্স: ৯১৩০০০৬, ই-মেইল: bsmnovotheatre@yahoo.com ওয়েবসাইট: www.novotheatre.gov.bd, <http://novotheatre.portal.gov.bd>

রূপকল্প (Vision):

মহাকাশ বিজ্ঞানের দিগন্ত উন্মোচনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে দেশের বিজ্ঞান শিক্ষায় একটি উৎকর্ষতার কেন্দ্রে পরিণত করা।

অভিলক্ষ্য (Mission):

বিনোদনমূলক শিক্ষার মাধ্যমে জনমনে বিজ্ঞান সম্পর্কে ইতিবাচক ধারণা প্রোথিত করা এবং প্লানেটেরিয়াম, থ্রি-ডি, টেলিস্কোপ, বিভিন্ন সাইন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস প্রদর্শনী, মহাকাশ সম্পর্কিত গবেষণা ইত্যাদির মাধ্যমে ভবিষ্যত প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় উৎসাহী করে তোলা।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা নিম্নরূপ:

- ১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে কর্মরত জনবলকে তথ্য প্রযুক্তি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।
- ২। অফিসে স্থাপিত কম্পিউটারগুলোকে LAN (Local Area Network) এর আওতায় আনা হবে।
- ৩। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ওয়েবসাইট আকর্ষণীয় ও নিয়মিত হালনাগাদ রাখা হবে।
- ৪। নভোথিয়েটারের প্রশাসনিক এরিয়াসহ অফিসের সকল এলাকায় WiFi স্থাপনের ব্যবস্থা করা হবে।
- ৫। LAN (Local Area Network) এর সার্ভারকে বাংলাদেশ সরকারের মূল কম্পিউটার নেটওয়ার্ক Backbone এর আওতায় আনা (যেমন: টিকেটিং সিস্টেম, সিসি ক্যামেরা, ফায়ার ফাইটিং সিস্টেম, ডোর এক্সেস ইত্যাদি) পর্যায়ক্রমে আধুনিকায়ন ও কম্পিউটারাইজড করা হবে।
- ৬। নভোথিয়েটারের অবকাঠামোকে (যেমন: টিকেটিং সিস্টেম, সিসি ক্যামেরা, ফায়ার ফাইটিং সিস্টেম, ডোর এক্সেস ইত্যাদি) পর্যায়ক্রমে আধুনিকায়ন ও কম্পিউটারাইজড করা হবে।
- ৭। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম শো-কে আধুনিকায়ন/ আপডেট করা হবে।
- ৮। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের ইলেকট্রনিক পাঞ্চ কার্ড প্রণয়ন করা হবে।
- ৯। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের নিরাপত্তা ব্যবস্থা পুনর্বিদ্যায়ন করা (ইলেকট্রনিক পাঞ্চ কার্ড, সিসি ক্যামেরা, স্ক্যানার, মেটাল ডিটেক্টর, আর্চওয়ে ইত্যাদির মাধ্যমে) হবে।
- ১০। বিদেশি এবং দেশিদের জন্য ভিন্ন মূল্যে প্রদর্শনীর ব্যবস্থা করা হবে।
- ১১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য একজন বিশেষজ্ঞ পরামর্শক নিয়োগ করা হবে।

- ১২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়ামে Digital প্রযুক্তিতে নির্মিত অত্যাধুনিক equipment রয়েছে। এ সকল equipment এর সাহায্যে দর্শনার্থীদের জ্যোতির্বিজ্ঞান বিষয়ে বিনোদনের মাধ্যমে ধারণা প্রদান করা হচ্ছে। প্লানেটেরিয়ামে প্রদর্শনের জন্য বিজ্ঞান ভিত্তিক এবং তথ্য নির্ভর ফিল্ম ক্রয় ও প্রদর্শনের ব্যবস্থা পর্যায়ক্রমে গ্রহণ করা হবে।
- ১৩। জ্যোতির্বিজ্ঞানের নতুন নতুন তথ্য ও চিত্র সংগ্রহ ও সংরক্ষণ করা এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করে দেশের জনগণ তথা দেশের ছাত্র সমাজকে অবহিত করা হবে।
- ১৪। ভ্রাম্যমান মিনি প্লানেটেরিয়ামের ব্যবস্থা করে বিনোদনের মাধ্যমে জনগণকে বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করা।
- ১৫। বিভিন্ন ধরনের সাইন্টিফিক এক্সিবিট ক্রয় করে স্থাপনের ব্যবস্থা করা হবে।
- ১৬। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের রকেট, স্পেসস্যাটেল ও স্যাটেলাইটের মডেল স্থাপনের মাধ্যমে আধুনিকায়ন শীর্ষক কর্মসূচি গ্রহণ করা হবে।
- ১৭। বিভাগীয় শহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের শাখা স্থাপনের মাধ্যমে তথ্যপ্রযুক্তি বিষয়ক কার্যক্রম ত্বরান্বিত করা হবে।

(নায়মা ইয়াসমীন)

পরিচালক (চ:দা:)

ও

ইনোভেশন অফিসার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার